



সিনিয়র সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়

মুখবন্ধ

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্য অর্জনে সরকার উন্নয়ন খাতে বিনিয়োগ বৃদ্ধিতে বিশেষ গুরুত্বরোপ করেছে। আমাদের উন্নয়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী বিনিয়োগ চাহিদা পূরণের ক্ষেত্রে বর্তমানে আর্থিক ব্যবস্থাপনায় বৈদেশিক সহায়তা অপরিহার্য। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সরকারের পক্ষে বৈদেশিক সাহায্য অনুসন্ধান ও সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করে থাকে। সরকার গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (ADP) বাস্তবায়নে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী দেশ ও সংস্থার মধ্যে মেল বন্ধন হিসাবে এই বিভাগ কাজ করে। উন্নয়ন কার্যক্রমে বৈদেশিক সহায়তা আহরণের পাশাপাশি এ বিভাগ আহরিত সহায়তা ব্যবস্থাপনা ও সমন্বয়ের জন্য নানামুখি কার্যক্রম গ্রহণ করছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অব্যাহত প্রচেষ্টায় বৈদেশিক ঋণ ব্যবস্থাপনায় বাংলাদেশের সক্ষমতা বর্তমানে বিশ্বমানে উন্নীত হয়েছে।

বৈদেশিক সহায়তা সংগ্রহ কার্যক্রমের আওতায় ২০১৩-২০১৪ অর্থ বছরে মোট ৫৮৪৫.১১ মিলিয়ন মার্কিন ডলারের কমিটমেন্ট পাওয়া গেছে। এর মধ্যে অনুদান ও ঋণ যথাক্রমে ৫০০.৩১ মিলিয়ন মার্কিন ডলার ও ৫৩৪৪.৮০ মিলিয়ন মার্কিন ডলার। এই সময়ে মোট অর্থ ছাড় হয়েছে ৩০০৮.৬৮ মিলিয়ন মার্কিন ডলার; যা স্বাধীনতার পর সর্বোচ্চ।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ২০১৩-২০১৪ অর্থ বছরের অর্জনসহ এর কার্যক্রমের বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট সকলের নিকট তুলে ধরার প্রয়াসে প্রতি বছরের ন্যায় এবারেও একটি বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। প্রতিবেদনটি ব্যক্তি, প্রতিষ্ঠান থেকে শুরু করে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানসহ সকলের নিকট রেফারেন্স পুস্তক হিসেবে গৃহীত হবে মর্মে আশা করছি। বার্ষিক প্রতিবেদন প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে তাদের আন্তরিক প্রচেষ্টা ও পরিশ্রমের জন্য জানাই অসংখ্য ধন্যবাদ ও অভিনন্দন।


মোহাম্মদ মেজবাহউদ্দিন